দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 OCT 199[illegible]
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৬

33

## নিরক্ষরতা দূরীকরণ প্রসঙ্গে

গত ২৩-৯-৯০ ইং তারিখে দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত "নিরক্ষরতা দূরীকরণ" শিরোনামের পত্রটি পড়িলাম। পত্রলেখিকা তাঁহার বক্তব্যে বলিয়াছেন, আমরা যেন বাসার কাজের ছেলে বা মেয়েদেরকে একটু সময় ব্যয় করিয়া লেখা-পড়া শিখাই। নিরক্ষরতা দূরীকরণের উদ্যোগ হিসাবে ইহা একটি প্রশংসনীয় প্রস্তাব। আমাদের অনগ্রসরতার মূলে রহিয়াছে নিরক্ষরতা। যে-ভাবেই হউক, আমরা সকলেই যদি এই সমস্যা দূর করিবার জন্য একটু একটু করিয়াও চেষ্টা করিতাম, তাহা হইলে নিরক্ষর লোকদের সংখ্যা এত অধিক থাকিত না। বাসায় কাজের ছেলে-মেয়ে রাখেন এই রকম সকল শিক্ষিত ব্যক্তিই যদি পত্রলেখিকার মত পদক্ষেপ গ্রহণ করেন, তবে অচিরেই বিপুল সংখ্যক নিরক্ষর লোক অক্ষরজ্ঞান পাইবে। দেশের সচেতন শিক্ষিত মহল এইদিকে সযত্ন দৃষ্টি দিলেই কেবল পত্রলেখিকার প্রস্তাব ফলপ্রসূ হইবে। আশা করি বিষয়টি সকলেই ভাবিয়া দেখিবেন।

—মোঃ গোলাম হক সরকার, কান্দাপাড়া, শেরপুর শহর, শেরপুর-২১০০।